

দু টি ভাষা এক টির চেয়ে ভালো

দ্বিভাষা-ভাষী হওয়া কোনো সমস্যা নয়, এটি একটি সম্পদ।

যেসব শিশুরা দ্বিতীয় কোন ভাষায় কথা বলা শিখছে তারা বেশ কিছু প্রকার আচরণ দেখায়। কেউ কেউ নীরব থাকে এবং অংশ নিতে চায় না, অন্যরা অধিকতর তাড়াতাড়ি অভ্যস্ত হয়ে পড়ে। যেসব শিশুরা ইংরেজীকে দ্বিতীয় ভাষা হিসেবে শিখছে তাদেরকে ভুল করে ভাষাগত সমস্যা আছে বলে মূল্যায়ন করা হয় যদি তাদের ইংরেজী ভাষা দ্রুত প্রকাশিত না হয়। অস্ট্রেলিয়ায় বেড়ে উঠা এবং অস্ট্রেলিয়ার স্কুলগুলিতে গমনকারী সকল শিশুই তাদের নিজস্ব গতিতে ইংরেজী শিখবে।

দ্বিভাষা-ভাষীত্ব কোন শিক্ষাগত সমস্যা নয়, বরং একটি শিক্ষাগত প্রক্রিয়া।

অনেক পিতামাতাই তাদের সন্তানদের নিঃসঙ্গ অথবা বঞ্চিত হয়ে পড়া নিয়ে উদ্বিগ্ন হয়ে পড়েন যদি তারা কিন্ডারগার্টেন শুরু করার আগে ইংরেজীতে কথা বলতে না পারে। কিছু কিছু ক্ষেত্রে পিতামাতা এবং তাদের সন্তানদের বাড়িতে নিজের ভাষায় কথা বলতে নিরুৎসাহিত করা হয় এবং কেবল ইংরেজীতেই কথা বলতে পরামর্শ দেওয়া হয়। পিতামাতা এবং শিক্ষকরা প্রায়ই জানেন না যে অনেক প্রাথমিক বিদ্যালয়ই ইংরেজী ভাষায় কথা বলে না এমন পরিবেশ থেকে আসা শিশুদের জন্য ইংরেজী ভাষায় সহযোগিতামূলক ক্লাসের আয়োজন করে থাকে। **শিক্ষকেরা কেমন করে তাদের কর্মসূচিগুলি সফলভাবে এবং যুগপৎ ইংরেজী শেখায় এবং মাতৃভাষা চর্চায় সহযোগীতা করতে পারে তা ব্যাখ্যা করার মাধ্যমে পিতামাতাদের উদ্বিগ্নতার অবসান ঘটাতে পারেন।**

মাতৃভাষাগুলি চিরতরে হারিয়ে যাবে।

ইংরেজী শেখার পাশাপাশি শিশুদের যদি মাতৃভাষায় কথা বলতে অনবরত উৎসাহিত করা না হয়, তাহলে তারা যত বড় হতে থাকবে ততই তাদের মাতৃভাষায় কথা বলার পারদর্শিতা হারানোর সম্ভাবনা থাকবে কিংবা তারা হয়তো সে ভাষায় কথা বলতে পুরোপুরি অনিচ্ছুক হয়ে পড়বে। এটি গুরুত্বপূর্ণ যে শিক্ষকেরা শিশুদের এবং তাদের পরিবারকে সহযোগীতা করবেন যাতে তারা তাদের দ্বিভাষা-ভাষীত্ব নিয়ে স্বাচ্ছন্দ্য বোধ করে।

ভাষা শিক্ষা হলো একটি সামাজিক কর্মকাণ্ড এবং তা বিভিন্ন সাংস্কৃতিক পরিমন্ডলে ঘটে থাকে।

এই বিভিন্নতার প্রতি আমাদের প্রতিক্রিয়া সকল শিশুদের উপর একটি চিরস্থায়ী প্রভাব ফেলতে পারে, বিশেষ করে যেসকল শিশুরা সাংস্কৃতিক এবং ভাষাগতভাবে ভিন্ন পরিবেশ থেকে আসে এবং যারা ইংরেজীকে একটি দ্বিতীয় ভাষা হিসেবে শিখছে। যদি শিশুরা এবং তাদের পরিবার তাদের ভাষা এবং সংস্কৃতি নিয়ে কোন অগণনমূলক মন্তব্য শুনে কিংবা যদি সেগুলিকে ফলপ্রসূ ভাবে যোগাযোগ করা না হয়, তাহলে তারা হয়তো তাদের মাতৃভাষা নিয়ে লজ্জাবোধ করবে এবং তা ব্যবহারের প্রতি বিমুখ হয়ে পড়বে।

শিশুরা তাদের পরিচয় এবং নিরাপত্তার একটি তীব্র অনুভূতি গড়ে তুলে যখন তাদের শিক্ষার পরিবেশ তাদের বৈচিত্রের প্রতি আশানুরূপ প্রতিক্রিয়া দেখায়, এবং সক্রিয়ভাবে তাদের দ্বিভাষা-ভাষীত্বকে তুলে ধরে।



ETHNIC CHILD CARE, FAMILY AND COMMUNITY SERVICES CO-OPERATIVE LTD



এই পুস্তিকাটি দ্বিসংস্কৃতিক সহযোগীতা কর্মসূচির (Bicultural Support Program (BSP) অংশ হিসেবে এথনিক চাইল্ডকেয়ার এন্ড কমিউনিটি সার্ভিসেস কোঅপারেটিভ লিমিটেড (Ethnic Child Care Family and Community Services Cooperative Ltd (ECCFCSC) কর্তৃক তৈরী করা হয়েছে। BSP চিলড্রেন সার্ভিসেস সেন্ট্রাল (Children's Services Central (CSC) এর অন্য ECCFCSC কর্তৃক পরিচালিত হয়। CSC হলো NSW এ পেশাগত সহযোগীতা সমন্বয়কারী (Professional Support Coordinator) এবং অস্ট্রেলিয়ান সরকার কর্তৃক ইনক্লুশন এন্ড প্রফেশনাল সাপোর্ট প্রোগ্রাম (the Inclusion and Professional Support Program) এর আওতায় অনুদানকৃত।

Ethnic Child Care Family and Community Services Cooperative Ltd.
Building 3, 142 Addison Rd,
Marrickville, NSW, 2204
ফোন: ০২ ৯৫৬৯ ১২৮৮ (02 9569 1288)
ফ্যাক্স: ০২ ৯৫৫০ ৯৮২৯ (02 9550 9829)
ওয়েব: www.eccfcsc.org
ইমাইল: coop@eccfcsc.org

কৃতজ্ঞতা স্বীকার

ডঃ ক্রিস জোনস ডায়াম, সিনিয়র প্রভাষক, ইউনিভার্সিটি অব ওয়েস্টার্ন সিডনি (University of Western Sydney)

বিলাসিং, বিং এবং বিকামিং: দ্য আরলি ইয়ারস লারনিং ফ্রেমওয়ার্ক (Belonging, Being and Becoming: The Early Years Learning Framework (EYLF) অস্ট্রেলিয়ান সরকার ২০০৯)

দ্বিভাষা-ভাষীত্ব এবং
ভাষা শিক্ষা

“শিশুদের মাতৃভাষার ব্যবহার তাদের ব্যক্তিত্ব এবং মানসিক বৃদ্ধিতে সহযোগীতা করে”। (EYLF 2009)



এই পুস্তিকাটি www.eccfcsc.org থেকে ডাউনলোড করা যায় এবং অন্যান্য ভাষায় পাওয়া যায়।



কম বয়সী দ্বিভাষা-ভাষী শিশুদের নিয়ে যারা কাজ করেন তাদের জন্য কিছু ভালো উপদেশ

আমরা কেমন করে একজন দ্বিভাষা-ভাষী লোককে চিহ্নিত করব?

একজন দ্বিভাষা-ভাষী লোক হলেন তিনি যিনি দুটি ভাষায় কথা বলতে মোটামুটিভাবে পারদর্শী। দ্বিভাষা-ভাষীত্ব বিভিন্ন মাত্রার হতে পারে।

শিশুরা দুই ভাবে দ্বিভাষা-ভাষী হতে পারে।

যুগপৎ দ্বিভাষা-ভাষীত্ব – যখন একটি শিশু একই সময়ে দুটি ভাষা শিখে।

ধারাবাহিক দ্বিভাষা-ভাষীত্ব – যখন একটি শিশু ইতিমধ্যে একটি ভাষায় কথা বলতে পারে, তারপর অন্য একটি ভাষায় কথা বলতে শিখে।

কম বয়সী শিশুদের জন্য প্রথম ভাষাটিতে সহযোগীতা এবং উৎসাহ দেওয়া গুরুত্বপূর্ণ, যাতে করে দ্বিতীয় ভাষাটি শিক্ষায় তা সহায়ক হয়। নতুন একটি ভাষা শেখা সময় সাপেক্ষ ব্যাপার এবং শিশুটি কিছু সময়ের জন্য নীরব থাকতে পারে। এই ‘নীরবতার সময়’ এক এক শিশুর ক্ষেত্রে এক এক রকম হতে পারে।

একাধিক ভাষা শেখা এবং তা বজায় রাখতে পারার গুরুত্ব নিয়ে কোন সন্দেহ নেই। দ্বিভাষা-ভাষীত্বের উপকারীতাগুলো হলো:

মেধাগত:

- ভাষা কেমন করে কাজ করে তা বুঝতে পারা
- অতিরিক্ত ভাষা শেখার ক্ষমতা

সামাজিক:

- ভাষাবিদ্যাগত বৈচিত্র সম্মুখে বুঝতে পারা।
- সব শিশুরা এটি শেখে যে কথা বলা, পড়া এবং লেখার একাধিক পথ আছে।
- শিশুরা একটি সমন্বয়পূর্ণ এবং বৈচিত্রময় সমাজে বেড়ে উঠে, যেখানে বৈসাদৃশ্য হলো স্বাভাবিক ঘটনা।
- শিশুরা তাদের পরিবারের ইংরেজীতে কথা বলতে না পারা সদস্যের সাথে যোগাযোগ করতে পারে এবং তাদের সাথে সম্পর্ক বজায় রাখতে পারে।

সাংস্কৃতিক:

- সাংস্কৃতিক এবং ভাষাবিদ্যাগত ঐতিহ্য এবং পরিচয় নিয়ে গর্ব এবং আত্মবিশ্বাস।
- গুরুত্বপূর্ণ পারিবারিক এবং সাংস্কৃতিক মূল্যবোধগুলি বজায় রাখা এবং ভবিষ্যত বংশধরদের সাথে সেগুলি বিনিময় করা।

অর্থনৈতিক:

- ভবিষ্যৎ জীবনে চাকুরী, শিক্ষা এবং সামাজিক সুযোগ সুবিধা

আমরা কেমন করে দ্বিভাষা-ভাষী শিশুদের সহযোগীতা করতে পারি?

- ভাষা, সংস্কৃতি, পরিচয় এবং শিক্ষা সম্মুখে নিজের অনুভূতি প্রকাশ করুন।
- আপনার কর্মসূচিতে এবং পরিবারদের সাথে দ্বিভাষা-ভাষীত্বের প্রতি একটি যথার্থ এবং সহযোগীতাপূর্ণ মনোভাব গড়ে তুলুন।
- প্রতিটি শিশুর ভাষা এবং সংস্কৃতি সম্মুখে জানুন।
- নামগুলি সঠিকভাবে উচ্চারণ করতে সন্মান এবং আগ্রহ প্রদর্শন করুন (কেমন করে করতে হয় তা যদি না জানেন তাহলে জিজ্ঞেস করুন)।
- অতি প্রয়োজনীয় শব্দগুলির একটি তালিকা তৈরী করুন এবং সেগুলি শিখে নিন।
- দ্বিভাষা-ভাষী সম্পর্কিত তথ্যের উৎসগুলি সংগ্রহ করুন এবং প্রতিদিনের কর্ম-পরিকল্পনায় সেগুলিকে যুক্ত করুন।
- বিভিন্ন ধরনের লিখিত, মৌখিক এবং ডিজিটাল প্রকাশনার মাধ্যমে শিশুদের ভাষা এবং শব্দগুলি ব্যবহার এবং প্রদর্শন করুন।
- শিশুদের মাতৃভাষায় কথা বলার জন্য দ্বিভাষা-ভাষী কর্মচারী নিয়োগ করুন।
- যেসকল কর্মচারীরা অন্যান্য ভাষায় কথা বলে তাদের সেগুলি ব্যবহার করতে উৎসাহ দিন (একে অপরের সাথে, শিশুদের এবং তাদের পরিবারদের সাথে)
- সারাদিন ধরে বিভিন্ন ভাষা অনুকরণ, প্রদর্শন এবং ব্যবহার করুন।
- দ্বিভাষা-ভাষী শিশুদের তাদের নিজেদের ভাষায় খেলতে এবং শিখতে উৎসাহ এবং সহযোগিতা দিন।
- মাতৃভাষা ব্যবহারের গুরুত্ব সম্মুখে এবং শিশুরা কেমন করে সফলভাবে দ্বিভাষা-ভাষী হতে পারে সে ব্যাপারে পিতামাতাদের তথ্য সরবরাহ করুন।

